

শ্রাবণদিনের কবিতা



লেখকঃ রোদ্দুর

যোগাযোগঃ roddur70@gmail.com

পরিচিতিঃ রোদ্দুর বর্তমানে ভারতের গুজরাত রাজ্যের বরোদা শহর নিবাসী। পেশায় প্রকৌশলী, বস্ত্র এবং রাসায়নিক শিল্পের সঙ্গে যুক্ত। গ্রাসাচ্ছাদনের জন্য পেশাগত কাজ করে থাকেন তিনি, বেঁচে থাকার জন্য কবিতা পড়েন, ব্যথা পেলে বা তীব্র আনন্দ পেলে কবিতা লেখেন, আর ভালবাসেন সুন্দর মানুষ – কবিতা আর গানের সাহচর্য।

এই শ্রাবণে ভিজলাম। “এই শ্রাবণের বুকের ভিতর আগুন আছে” এই গান শুনতে শুনতে ভিজলাম। বরষা স্নাত সুখের সময় লেখা অনুকবিতা এইগুলি।

#১

এখন সময় আগল পাগল
 গল্প বলো
 দরজা খুলে সকালবেলার
 ঝলক আলো
 কোন জীবনের বাতাস
 এখন মুখোমুখি
 এই শ্রাবণের আড়াল আমি
 মুগ্ধ দেখি
 - যখন সন্ধ্যা বিষুবরেখায়
 তোমায় আমি বাসব অমোঘ
 তীব্র ভালো;
 বৃষ্টি আমার
 এই সময়ের আগল পাগল
 জীবনখাতার গল্প বলো।

#২

সময়ের আগে বয়ে চলে জল
 পাহাড় থেকে গড়িয়ে আসা
 একমুঠো বালুকণা
 হাতে নিয়ে বলে
 অনেক হয়েছে রাত
 তোমার শাসন
 এই শ্রাবণে আমি
 মানব না।

#৩

একমুঠো ঋণ ছিল তার কাছে
 নিভৃত প্রকোষ্ঠ আজও সন্ধ্যায় সদীপ জেগে আছে.....।